



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৫৮৬৮১
০২২২৩৩-৮৮৯৪৯
পিএবিএক্সঃ ০২২২৩৩-৮০০২১-২২
০২২২৩৩-৮০০২৪-২৫
০২২২৩৩-৮০০৩১-৩৫
ই-মেইলঃ dgmlad1@krishibank.org.bd

সাকুলার লেটার নং-প্রকা/ক্রেডিবিঃ/(শাখা-১)১/৩(৭)/২০২২-২০২৩/২৩৯৭(১২৫০)

তারিখঃ ০৫/০৪/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
সকল উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : গরু মোটাতাজাকরণ ও গাভী পালন খাতে জামানতবিহীন ঋণ প্রদানের সীমা
২.০০ লক্ষ টাকা হতে ৩.০০ লক্ষ টাকায় উন্নীতকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিগত ৩০/০৩/২০২৩ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক পরিচালনা পর্ষদের ৮২৯তম সভায় বর্ণিত বিষয়ে একটি প্রস্তাবনা উপস্থাপন করা হলে উক্ত সভায় ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এ উল্লেখিত গরু মোটাতাজাকরণ ও গাভী পালন খাতে জামানতবিহীন ঋণ প্রদানের সীমা ২.০০ লক্ষ টাকা হতে ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত বৃদ্ধির বিষয়টি নিম্নবর্ণিতভাবে অনুমোদন প্রদান করা হয়েছে। এক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকের ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল-২০১৯ এর অনুচ্ছেদ নং-৫.০৬.০২ এবং ৫.০৬.০৩ এ বর্ণিত অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

ক্রঃ নং	ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল- ২০১৯ এর অনুচ্ছেদ নং	বিদ্যমান শর্তাবলি	পর্ষদ কর্তৃক অনুমোদিত শর্তাবলি
(i)	গরু মোটাতাজাকরণঃ ৫.০৬.০২ এর ঋণের জামানত অংশ	(ক) ২.০০ লক্ষ টাকা উর্ধ্বের ঋণাংকের জন্য অন্যান্য বন্ধকি ঋণের ন্যায় প্রচলিত নিয়মে ঋণের বিপরীতে সহায়ক জামানত গ্রহণ করে বন্ধকি দলিলসহ অন্যান্য দলিলাদি সম্পাদন করতে হবে। ঋণে ক্রয়কৃত গরু ঋণটি সুদে আসলে পরিশোধের পূর্ব পর্যন্ত ব্যাংকের নিকট দায়বদ্ধক থাকবে। এ ব্যাপারে হাইপোথিকেশন দলিল (এল, এফ-৫৫) সম্পাদন করতে হবে। (খ) তবে, ২.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদানের ক্ষেত্রে জামানত গ্রহণের বিষয়টি শিথিল হবে অর্থাৎ সহায়ক জামানত গ্রহণ ব্যতিরেকে অন্যান্য সকল নিয়মাবলীসহ নিম্নোক্ত শর্ত পরিপালন সাপেক্ষে ঋণ প্রদান করা যাবে : (১) গরু রাখার জন্য প্রয়োজনীয় গোয়ালঘর ঋণ গ্রহিতার নিজস্ব জমিতে নিজ খরচে নির্মাণ করতে হবে এবং তা শাখার মাঠকর্মী ও ব্যবস্থাপক কর্তৃক নিশ্চিত করতে হবে; (২) খামারের ভূমি স্বত্ব উদ্যোক্তার হতে হবে। বিষয়টি নিশ্চিত করণের নিমিত্তে খামার/বাড়ি/চাষাবাদযোগ্য জমির মূল দলিল, খতিয়ান এর কপি ও হালসনের খাজনার দাখিলা ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। গৃহিত দলিলাদি/কাগজ পত্রাদি প্রচলিত নিয়মে ঋণ অবসায়নের পর ফেরত প্রদান করা হবে মর্মে মঞ্জুরি পত্রে উল্লেখ করতে হবে;	(ক) ৩.০০ লক্ষ টাকা উর্ধ্বের ঋণাংকের জন্য অন্যান্য বন্ধকি ঋণের ন্যায় প্রচলিত নিয়মে ঋণের বিপরীতে সহায়ক জামানত গ্রহণ করে বন্ধকি দলিলসহ অন্যান্য দলিলাদি সম্পাদন করতে হবে। ঋণে ক্রয়কৃত গরু ঋণটি সুদে আসলে পরিশোধের পূর্ব পর্যন্ত ব্যাংকের নিকট দায়বদ্ধক থাকবে। এ ব্যাপারে হাইপোথিকেশন দলিল (এল, এফ-৫৫) সম্পাদন করতে হবে। (খ) তবে, ৩.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ প্রদানের ক্ষেত্রে জামানত গ্রহণের বিষয়টি শিথিল হবে অর্থাৎ সহায়ক জামানত গ্রহণ ব্যতিরেকে অন্যান্য সকল নিয়মাবলীসহ নিম্নোক্ত শর্ত পরিপালন সাপেক্ষে ঋণ প্রদান করা যাবেঃ (১) গরু রাখার জন্য প্রয়োজনীয় গোয়ালঘর ঋণ গ্রহিতার নিজস্ব জমিতে নিজ খরচে নির্মাণ করতে হবে এবং তা শাখার মাঠকর্মী ও ব্যবস্থাপক কর্তৃক নিশ্চিত করতে হবে; (২) খামারের ভূমি স্বত্ব উদ্যোক্তার হতে হবে। বিষয়টি নিশ্চিত করণের নিমিত্তে খামার/বাড়ি/চাষাবাদযোগ্য জমির মূল দলিল, খতিয়ান এর কপি ও হালসনের খাজনার দাখিলা ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। গৃহিত দলিলাদি/কাগজ পত্রাদি প্রচলিত নিয়মে ঋণ অবসায়নের পর ফেরত প্রদান করা হবে মর্মে মঞ্জুরি পত্রে উল্লেখ করতে হবে;

বিষয় : গরু মোটাজাকরণ ও গাভী পালন খাতে জামানতবিহীন ঋণ প্রদানের সীমা
২.০০ লক্ষ টাকা হতে ৩.০০ লক্ষ টাকায় উন্নীতকরণ প্রসঙ্গে।

ক্রঃ নং	ক্রেডিট পলিসি এন্ড অপারেশন ম্যানুয়েল- ২০১৯ এর অনুচ্ছেদ নং	বিদ্যমান শর্তাবলি	পর্যদ কর্তৃক অনুমোদিত শর্তাবলি
		(৩) সুদসহ ঋণাংকের পরিমাণ আবৃত করে অগ্রিম তারিখ সম্বলিত তফসিলি ব্যাংকের চেক গ্রহণ করতে হবে; (৪) ঋণ মঞ্জুরির পূর্বে ক্রেডিট কমিটির (প্রয়োজ্যতা অনুযায়ী) সুপারিশ গ্রহণ করতে হবে; (৫) উক্ত দলিলাদি ছাড়াও চলতি মূলধন ঋণের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত অন্যান্য দলিলাদি সম্পাদন করতে হবে; (৬) নির্ধারিত দেয় তারিখ অতিক্রান্ত হওয়ার ছয় মাসের মধ্যে ঋণ আদায় না হলে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(৩) সুদসহ ঋণাংকের পরিমাণ আবৃত করে অগ্রিম তারিখ সম্বলিত তফসিলি ব্যাংকের চেক গ্রহণ করতে হবে; (৪) ঋণ মঞ্জুরির পূর্বে ক্রেডিট কমিটির (প্রয়োজ্যতা অনুযায়ী) সুপারিশ গ্রহণ করতে হবে; (৫) উক্ত দলিলাদি ছাড়াও চলতি মূলধন ঋণের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত অন্যান্য দলিলাদি সম্পাদন করতে হবে; (৬) নির্ধারিত দেয় তারিখ অতিক্রান্ত হওয়ার ছয় মাসের মধ্যে ঋণ আদায় না হলে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(ii)	গাভী পালনঃ ৫.০৬.০৩ এর জামানত/সহায়ক জামানত অংশ	অনুর্ধ্ব ২.০০ (দুই) লক্ষ টাকা পর্যন্ত শুধুমাত্র গাভী ক্রয়ের ক্ষেত্রে কোন সহায়ক জামানতের প্রয়োজন নেই। খামারের ভূমির স্বত্ব উদ্যোক্তার হতে হবে। বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্তে খামার/বাড়ি/চাষাবাদযোগ্য জমির মূল দলিল, খতিয়ান এর কপি ও হালসনের খাজনার দাখিলা ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। গৃহিত দলিলাদি/কাগজপত্রাদি প্রচলিত নিয়মে ঋণ অবসায়নের পর ফেরৎ প্রদান করা হবে মর্মে মঞ্জুরীপত্রে উল্লেখ করতে হবে। তবে ২.০০ (দুই) লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে বিধি মোতাবেক জামানত দ্বারা আবৃত থাকতে হবে। এছাড়াও খামারের ভূমি উদ্যোক্তার নামে থাকতে হবে যা ব্যাংক বরাবর যথানিয়মে বন্ধক প্রদান করতে হবে।	অনুর্ধ্ব ৩.০০ (তিন) লক্ষ টাকা পর্যন্ত শুধুমাত্র গাভী ক্রয়ের ক্ষেত্রে কোন সহায়ক জামানতের প্রয়োজন নেই। খামারের ভূমির স্বত্ব উদ্যোক্তার হতে হবে। বিষয়টি নিশ্চিতকরণের নিমিত্তে খামার/বাড়ি/চাষাবাদযোগ্য জমির মূল দলিল, খতিয়ান এর কপি ও হালসনের খাজনার দাখিলা ঋণ নথিতে সংরক্ষণ করতে হবে। গৃহিত দলিলাদি/কাগজপত্রাদি প্রচলিত নিয়মে ঋণ অবসায়নের পর ফেরৎ প্রদান করা হবে মর্মে মঞ্জুরীপত্রে উল্লেখ করতে হবে। তবে ৩.০০ (তিন) লক্ষ টাকার উর্ধ্বে ঋণের ক্ষেত্রে বিধি মোতাবেক জামানত দ্বারা আবৃত থাকতে হবে। এছাড়াও খামারের ভূমি উদ্যোক্তার নামে থাকতে হবে যা ব্যাংক বরাবর যথানিয়মে বন্ধক প্রদান করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত



(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক


ফোনঃ ০২২২৩৩৫৮৬৮১

তারিখঃ ০৫/০৪/২০২৩

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ/(শাখা-১)১/৩(৭)/২০২২-২০২৩/২৩৯৭(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটের উন্মুক্ত জোনে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।


(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক